

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শাখা-৫

## প্রজ্ঞাপন

তারিখ, ৯ চৈত্র, ১৪২০/২৩ মার্চ ২০১৪

এস, আর, ও নং ৪৩-আইন/২০১৪।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতপরঃ উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই মন্ত্রণালয়ের ১৩ এপ্রিল, ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, নং ৭৩-আইন/৯৯-শক্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণীর চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ২৭ অক্টোবর, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ৩৩৬-আইন/২০১৩ দ্বারা উক্ত প্রযোজ্যতা ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১৩ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়া যাইবে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণীর চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণীর চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৪ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল মতলেব হাওলাদার

সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১০৭৯৭ )

মূল্য : টাকা ৪.০০